

স্টেট ইনোভেশন অ্যাওয়ার্ড, পশ্চিমবঙ্গ

(রাজ্য উদ্ভাবন পুরস্কার)

রাজ্যস্তরে প্রথম বার্ষিক প্রতিযোগিতা

পশ্চিমবঙ্গ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তর ও সংসদ কর্তৃক স্থাপিত স্টেট ইনোভেশন অ্যাওয়ার্ড (রাজ্য উদ্ভাবন পুরস্কার) এর পক্ষ থেকে প্রচলিত পদ্ধতি বা দ্রব্যাদির উন্নয়ন অথবা নতুন পদ্ধতি বা দ্রব্যাদির উদ্ভাবন, উৎকর্ষ সাধন এবং নিরাপত্তা সংক্রান্ত পদ্ধতি সহ ক্ষুদ্র ও কুটির শিল্প সংশ্লিষ্ট যে কোন রকম কৃৎকৌশল, প্রাকৃতিক সম্পদ ও শক্তি সংরক্ষণ, জীববৈচিত্র্য অব্যাহত রাখা ইত্যাদি ক্ষেত্রে যে সমস্ত কৃষক, শ্রমিক, কারিগর, ইঞ্জিনিয়ার, সমাজবিজ্ঞানী, মৎস্যজীবী বা যে কোনও সাধারণ মানুষ নতুন কিছু উদ্ভাবনে সফল হয়েছেন, তাঁদেরকে এবং যারা এই ধরনের উদ্ভাবকদের খুঁজে বার করতে সাহায্য করবেন (অন্বেষক) তাঁদেরও এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে আহ্বান জানানো হয়েছে। প্রাতিষ্ঠানিক বা প্রতিষ্ঠানের বাইরে যে কোন ধরনের উদ্ভাবন, কৃষিকার্যের জন্য নতুন যন্ত্রপাতি তৈরী, জৈব কীটনাশক, মানুষ ও গৃহপালিত প্রাণীদের ভেষজ ঔষধপত্র এবং কম খরচে পরিবেশ অনুযায়ী গৃহনির্মাণ প্রভৃতি যে কোনও প্রথাগত বা প্রথাবহির্ভূত প্রায়ুক্তিক উদ্ভাবনের অন্বেষণ করাই এই প্রতিযোগিতার মূল লক্ষ্য।

প্রতিযোগিতায় উদ্ভাবনের সাথে উল্লেখযোগ্য অন্বেষককেও পুরস্কার দেওয়া হবে।

পুরস্কার :

উদ্ভাবক (তিনটি পুরস্কার)		অন্বেষক (একটি পুরস্কার)
১ম পুরস্কার	২১,০০০ টাকা	৫,০০০ টাকা
২য় পুরস্কার	১১,০০০ টাকা	
৩য় পুরস্কার	৫,০০০ টাকা	

নিয়মাবলী :

- ১) এককভাবে অথবা যৌথভাবে নির্দিষ্ট আবেদনপত্রে আবেদন করতে হবে।
- ২) উদ্ভাবন-সম্পর্কিত ছবি এবং সম্ভব হলে ভিডিও - সিডি আবেদনপত্রের সঙ্গে পাঠাতে হবে।
- ৩) প্রয়োজনে যে কোন রকম জ্ঞাতব্য বিষয় উদ্ভাবনের প্রমাণের স্বপক্ষে জমা দিতে হবে।
- ৪) রাজ্যস্তরে প্রথম বার্ষিক প্রতিযোগিতায় আবেদনপত্র পাঠাবার শেষ তারিখ ৩০শে সেপ্টেম্বর, ২০০৬।
- ৬) আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ব্যাপারে বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তর ও সংসদের সিদ্ধান্তই চূড়ান্ত।

আবেদনপত্র ও বিশদ তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা :
প্রধান বিজ্ঞান আধিকারিক, বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার
বিকাশভবন, ৫ম তল, বিধাননগর, কলকাতা-৭০০ ০৯১
দূরভাষ : ২৩২১-৮৯০২, ২৩৩৪-৫৮০৫; e-mail: dst_gowb@vsnl.net